যুগান্তর

JUN. 17 2002

পৃঃ 2 কলাম 2

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাজেট আজ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনে ২০০২-২০০৩ অর্থবছরের জন্য ৯১ কোটি ২২ লাখ ৬৫ হাজার টাকার ঘাটতি বাজেট পেশ করা হবে। প্রশাসনিক ভবনের সভাকক্ষে বিকাল সাড়ে ৩টায় বার্ষিক সিনেট অধিবেশন শুরু হবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী এতে সভাপতিত্ব করবেন। বাজেট উত্থাপন করবেন কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান। এ বছরের বাজেটে ঘাটতি ধরা হয়েছে ১০ কোটি ১২ লাখ ৬৫ হাজার টাকা। প্রতিবছরের মতো এ বাজেটেরও সিংহভাগ অর্থাৎ ৭৫ শতাংশ ব্যয় হবে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের বেতন ও পেনশন খাতে। বাকি ২৫ ভাগ ব্যয় হবে শিক্ষা সহায়ক খাতে।